দামুড়হুদায় ভিটামিন এ ক্যাপসুল খেয়ে ফেরার পথে প্রাণ গেল শিশুর

চুয়াডাঙ্গার দামুড়হুদায় জাতীয় ভিটামিন ‘এ’ ক্যাপসুল খেয়ে ফেরার পথে মোটরসাইকেলের ধাক্কায় নানীর কোল থেকে সড়কে ছিটকে পড়ে স্বর্ণা খাতুন নামে এক শিশুর মৃত্যু হয়েছে। এ ঘটনায় আহত হয়েছেন তার নানী সাজেদা খাতুন।

রোববার দুপুর ১২টার দিকে দামুড়হুদা উপজেলার চিৎলা দেশভাটা এলাকার সামনে এ দুর্ঘটনা ঘটে।

আহত সাজেদা খাতুন বর্তমানে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

নিহত স্বর্ণা মেহেরপুর সদর উপজেলার সৌদি প্রবাসী সাজেদুল ইসলামের মেয়ে এবং দামুড়হুদা উপজেলার পুরাতন বাস্তুপুর সালদাপাড়ার স্বর্ণকার নূর নবীর নাতনি।

পুলিশ ও স্থানীয় সূত্রে জানা যায়, দুপুরে জাতীয় ভিটামিন ‘এ’ ক্যাপসুল খাওয়ানোর জন্য শিশু স্বর্ণাকে নিয়ে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে যান তার মা ও নানী। পরে ভ্যানযোগে বাড়ি ফেরার পথে একটি মোটরসাইকেল তাদের ভ্যানকে ধাক্কা দেয়। এতে শিশু স্বর্ণা নানীর কোল থেকে সড়কের ওপর ছিটকে পড়ে গুরুতর আহত হয়। এ সময় তার নানী সাজেদা খাতুনও ভ্যান থেকে পড়ে আহত হন।

স্থানীয়রা তাদের উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে নিয়ে গেলে জরুরি বিভাগের কর্তব্যরত চিকিৎসক শিশু স্বর্ণাকে মৃত ঘোষণা করেন।

দামুড়হুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শেখ মেসবা উদ্দীন বলেন, ঘটনাটি নিয়ে আইনগত প্রক্রিয়া চলমান রয়েছে।

মুজিবনগরে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনের অবহিতকরণ ও কর্মপরিকল্পনা সভা অনু্ষ্ঠিত

মুজিবনগরে ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইনের অবহিতকরণ ও কর্মপরিকল্পনা সভা অনু্ষ্ঠিত হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল সাড়ে দশটার সময় মুজিবনগর উপজেলা স্বাস্থ্য ও প.প কর্মকর্তার কার্যালয়ের আয়োজনে এবং জাতীয় পুষ্টিসেবা স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের বাস্তবায়নে,উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের সভাকক্ষে এই সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ আসাদুজ্জামান এর সভাপতিতে এবং ডা: আবু সাঈদ এর সঞ্চালনায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মুজিবনগর উপজেলা নির্বাহী অফিসার অনিমেষ বিশ্বাস।

অবহিতকরণ ও পরিকল্পনা সভায় আরো উপস্থিত ছিলেন, মুজিবনগর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন মুজিবনগর স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার ডা: তৌফিক আহমেদ, IFA এবং BP এর জেলা সমন্বয়কারী লিপোস ম্রি,উপজেলা আনসার ভিডিপির প্রশিক্ষিকা ফেরদৌসি আরা, মুজিবনগর থানার এস আই আব্দুর রাজ্জাক, গুডনেইবারর্স বাংলাদেশ মেহেরপুর সিডিপির হেলথ অফিসার আহসানুল হকসহ উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা কর্মচারিবৃন্দ।

উল্লেখ্য যে ১২ই ডিসেম্বর মুজিবনগর উপজেলায় ৬ থেকে ১১ মাস বয়সী ১১৮২ জনে একটি নীল রঙের এবং ১২ থেকে ৫৯ মাস বয়সী ৮৪৬৯ জন শিশুকে একটি লাল রঙের ভিটামিন এ ক্যাপসুল খাওয়ানো হবে।

গাংনীতে ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন অবহিতকরণ সভা

মেহেরপুরের গাংনীতে জাতিয় ভিটামিন এ প্লাস অবহিতকরণ ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে। রোব্বার বেলা সাড়ে ১১টার দিকে অনুষ্ঠিত এ সভার আয়োজন করেন গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স।

উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স হলরুমে অনুষ্ঠিত ও স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সুপ্রভা রানীর সভাপতিত্বে সভায় প্রধান অতিথী ছিলেন গাংনী উপজেলা পরিষদ চেয়ারম্যান এমএ খালেক।

এমপি ইপিআই আব্দুর রশীদের সঞ্চালনায় অনুষ্ঠানে গাংনী থানার ওসি (তদন্ত) মনোজিৎ কুমার নন্দী, বিভিন্ন সরকারী অফিসের কর্মকর্তা,স্বাস্থ্য বিভাগে কর্মরত কর্মকর্তা কর্মচারী এবং সাংবাদিকগন উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, এবার গাংনী উপজেলায় ২১৭ টি কেন্দ্রে ছয় থেকে ১১ মাস বয়সী তিন হাজার ৯৪১ জন ও ১২ থেকে ৫৯ মাস বয়সী ৩০ হাজার ২৮৩জন শিশুকে ভিটামিন এ খাওয়ানো হবে।

মেহেরপুরে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন অনুষ্ঠিত

মেহেরপুর জেলা স্বাস্থ্য বিভাগের উদ্যোগে জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুলের ক্যাম্পেইন উপলক্ষে সাংবাদিকদের নিয়ে অরিয়েন্টেশন সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বৃহস্পতিবার সকাল ১১টার সময় মেহেরপুর সিভিল সার্জনের সম্মেলন কক্ষে এ সভা অনুষ্ঠিত হয়।

সিভিল সার্জন ডাক্তার জওয়াহেরুল আনাম সিদ্দিকী এর সভাপতিত্বে বক্তব্য দেন মেহেরপুর জেলা প্রেসক্লাবের সভাপতি তোজাম্মেল আযম,

মেহেরপুর প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফজলুল হক মন্টু, চ্যানেল ২৪ এর সাংবাদিক রাশেদুজ্জামান, বাসস প্রতিনিধি দিলরুবা খাতুন, মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মুমিন ।

মেহেরপুর সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার ডাক্তার মোঃ ইনজামুল হক মূল প্রবন্ধ উপস্থাপন করেন।
সিভিল সার্জন ডাক্তার জওয়াহেরুল আনাম সিদ্দিকী বলেন আগামী ২০ ফেব্রুয়ারি সারাদেশের ন্যায় মেহেরপুর জেলাতেও ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হবে।

মেহেরপুর জেলায় ৬ থেকে ১১ মাস বয়সী ৮৫৪১ জন শিশুকে নীল রঙের ক্যাপসুল এবং ১২ মাস থেকে ৫৯ মাস বয়সী ৬১ হাজার ৯৭৮ জন শিশুকে লাল রঙের ক্যাপসুল খাওয়ানো হবে।

তিনি আরো বলেন জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানোর ফলে শিশুদের রাতকানা রোগ এবং ভিটামিনের ঘাটতি পূরণে যথেষ্ট ভূমিকা পালন করে যে কারণে প্রতিবছর দুইবার ভিটামিন ‘এ’ প্লাস ক্যাপসুল খাওয়ানো হয়।

মেহেরপুর জেলার প্রায় ৪০ জন সাংবাদিক ওয়ারেন্টেশন সভায় অংশগ্রহণ করে।

জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে অ্যাডভোকেসী সভা

আগামী ১২-১৫ জুন জাতীয় ভিটামিন এ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে সদর উপজেলায় অ্যাডভোকেসী ও পরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ বুধবার (১ জুন) দুপুরে মেহেরপুর সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা অফিস মিলনায়তনে এ সভা অনুষ্ঠিত হয়।

সদর উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ অলোক

কুমার দাসের সভাপতিত্বে অনুষ্ঠিত অ্যাডভোকেসী ও পরিকল্পনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন সদর উপজেলা নির্বাহি অফিসার আসাদুজ্জামান রিপন।

ই পি সুপার খোন্দকার আবু সামাইনের সঞ্চালনায় অনুষ্ঠিত এ্যাডভোকেসী সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সদর উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার আফিল উদ্দিনসহ অন্যান্যরা।

এ্যাডভোকেসী সভায় স্বাস্থ্য বিভাগের কর্মকর্তা, সাংবাদিকসহ অন্যান্য বিভাগের কর্মকর্তা, কর্মচারীসহ বিভিন্ন পেশার লোকজন উপস্থিত ছিলেন।

মেহেরপুরে জাতীয় ‘এ’ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত

আগামী ১১ ডিসেম্বর থেকে ১৪ ডিসেম্বর পর্যন্ত চারদিন ব্যাপী জাতীয় ভিটামিন ‘এ’ প্লাস ক্যাম্পেইন উপলক্ষে অবহিতকরণ ও কর্মপরিকল্পনা সভা অনুষ্ঠিত হয়েছে।

মঙ্গলবার সকালে সিভিল সার্জসের সম্মেলন কক্ষে এ সিভিল সার্জন জাওয়াহেরুল আনাম সিদ্দিকীর সভাপতিত্বে সভা অনুষ্ঠিত হয়। অতিথি হিসেবে বক্তব্য দেন অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট নাজমুল হুদা, জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ভুবেষ চন্দ্র রায়, জেলা তথ্য কর্মকর্তা আল মামুন, মেহেরপুর ইসলামীক ফাউন্ডেশনের উপপরিচালক কে এম শাহীন কবির।

ইপিআই সুপার আব্দুস সালামের সঞ্চালনায় মূল প্রবন্ধ উপস্থাপন করেন সিভিল সার্জন অফিসের মেডিকেল অফিসার খ ম হারুন ফয়সাল ।

অবহিতকরণ সভায় মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিনসহ বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।